

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি শাখা-১

কারা অধিদপ্তরের মাঠ পর্যায়ের জেলা কারাগার পরিদর্শন সংক্রান্ত ফলাবর্তক সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রদীপ রঞ্জন চক্রবর্তী
অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ
তারিখ : ২২ ডিসেম্বর ২০১৯
সময় : সকাল ১১.০০ মি:
স্থান : সভাপতির অফিস কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান যে, মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন সংক্রান্ত কার্যক্রমের ফলোআপ করার উদ্দেশ্যে সুরক্ষা সেবা বিভাগে ফলাবর্তক সভা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উদ্যোগের অংশ হিসেবে সুরক্ষা সেবা বিভাগের যুগ্মসচিব জনাব মো: শওকত আলী এবং উপসচিব জনাব শরীফ মো: ফরহাদ হোসেন গত ২২/১১/২০১৯ তারিখ যৌথভাবে গোপালগঞ্জ জেলা কারাগার পরিদর্শন করেন।

০২। পরিদর্শনকালে দেখা যায়, গোপালগঞ্জ জেলা কারাগারে বর্তমানে ১৬টি পদ শূন্য আছে, কারাগারের রন্ধনশালায় পরিষ্কার পরিচ্ছন্নতার অভাব পরিলক্ষিত হয়েছে, কারাগারটিতে ই-নথি কার্যক্রম এবং ট্রেজারি চালান রেজিস্টার নেই। কারাগারটির ধারন ক্ষমতা ৩৪৮ জন (পুরুষ: ৩২৭ জন এবং মহিলা ২১ জন)। পরিদর্শনকালে প্রাপ্ত বন্দির সংখ্যা ৩৮৯ জন (পুরুষ ৩৭৬ জন এবং মহিলা ১৩ জন)।

০৩। পরিদর্শনকারী কর্মকর্তাবৃন্দ পরিদর্শন প্রতিবেদনে নিম্নবর্ণিত মতামত/সুপারিশ প্রদান করে :

- অফিসের কাজে ব্যবহৃত বিভিন্ন রেজিস্টারে প্রত্যয়নসহ ফরমেট অনুযায়ী সঠিকভাবে লিপিবদ্ধ করা;
- ৫৬৯ ধারায় রেয়াতসহ বিশ বছর সাজাজোগকৃত বন্দিদের মুক্তির ব্যবস্থা অরাস্তিত করা;
- প্রতিদিন জামিনে মুক্তিপ্রাপ্ত হাজতিদের তালিকা হাজতি কক্ষে এবং জেল গেটের বাহিরে নিয়মিত প্রদর্শনের ব্যবস্থা করা;
- কারা অভ্যন্তরে কারা ক্যান্টিনের দ্রব্য সামগ্রীর মূল্য তালিকা কারা ক্যান্টিনের সম্মুখে এবং প্রতিটি কয়েদি/হাজতি কক্ষে দ্রব্য সামগ্রীর মূল্য তালিকা প্রদর্শন করা;
- জেল সুপার, জেলা কারাগার, গোপালগঞ্জ জনাব সৈয়দ মোস্তাফিজুর রহমান স্বেচ্ছায় অবসরে যাওয়ার দরখাস্ত দাখিল করেছেন মর্মে পরিদর্শনকালে উল্লেখ করেছেন। তাকে বেশ অসুস্থ অবস্থায় দেখা গিয়াছে এবং তার মুডমেন্টে সমস্যা হচ্ছে। এমতাবস্থায়, জেল সুপার জনাব সৈয়দ মোস্তাফিজুর রহমান এর স্বেচ্ছায় অবসরের আবেদনপত্র গ্রহণ করে জেলখানার কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নতুন একজন জেল সুপারকে নিয়োগ করা যেতে পারে।

০৪। পরিদর্শনকারী কর্মকর্তাগণ প্রতিবেদনে এ মর্মে উল্লেখ করেছেন যে, সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন ০৪টি অধিদপ্তরের জেলার অফিসসমূহের বিষয়ে জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর সাথে আলোচনা হয়েছে। উক্ত অফিসসমূহের দৈনন্দিন কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ডিজিট/পরিদর্শন বাড়ানো এবং রেগুলার মনিটরিংয়ের জন্য জেলা প্রশাসক, গোপালগঞ্জকে অনুরোধ জানানো হয়েছে। এটি একটি ভালো উদ্যোগ।

০৫। আলোচ্য বিষয়ে গোপালগঞ্জ জেলা প্রশাসন এর সাথে সমন্বয় করার জন্য এবং পরিদর্শনকারী কর্মকর্তাবৃন্দের মতামত/সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়।

০৬। পরিশেষে, সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)

২২/১২/২০১৯

প্রদীপ রঞ্জন চক্রবর্তী

অতিরিক্ত সচিব

ও

এপিএ টিম প্রধান


সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ৫৫

তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪২৬
২৩ ডিসেম্বর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা।
- জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- জনাব মো: শওকত আলী, যুগ্মসচিব (বহিরাগমন-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- জনাব শরীফ মো: ফরহাদ হোসেন, উপসচিব (বাজেট-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


২৩/১২/২০১৯
(মল্লিকা রাণী মন্ডল)
সহকারী সচিব